প্রথম আলো

তারিখ ... NOV 13 2006
পৃষ্ঠা ৩ কলাম ৫


৩৮

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনের পাশে বোমা বিস্ফোরণ

## ছাত্রদলের মিছিল-সমাবেশ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মধুর ক্যান্টিনের পাশে গতকাল রোববার দুপুরে একটি বোমা বিস্ফোরিত হয়েছে। বোমা বিস্ফোরণের শব্দে মধুর ক্যান্টিন এবং আশপাশে থাকা শিক্ষার্থী ও বিভিন্ন ছাত্র সংগঠনের নেতা-কর্মীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

প্রত্যক্ষদর্শীরা জানান, বেলা আড়াইটার দিকে দুই টোকাই মধুর ক্যান্টিনের পাশে আবর্জনার স্তূপে কাগজ কুড়াতে যায়। তাদের একজন ককটেল জাতীয় বোমাটি হাতে নেয় এবং পরে ভয় পেয়ে ছুড়ে ফেলে। তখনই বোমাটি বিস্ফোরিত হয়। বোমা বিস্ফোরণের শব্দ শুনে ভীত দুই ছিন্নমূল শিশু চিৎকার দেয়। ওই দুই শিশুর বয়স পাঁচ-সাত বছরের বলে প্রত্যক্ষদর্শীরা জানান।

এদিকে অবরোধে ঢাকা বিশ্ববিদ্যালয় ছিল পুরোপুরিই অচল। কর্তৃপক্ষ আগেই পরীক্ষা স্থগিত করেছে। ক্লাস বন্ধ ঘোষণা না করা হলেও গতকাল কোনো ক্লাস হয়নি। শিক্ষার্থীদের আনাগোনা ছিল খুবই কম। শুধু কেন্দ্রীয় গ্রন্থাগার ও প্রশাসনিক ভবনে [illegible] উপস্থিতিও ছিল খুবই নগণ্য। [illegible]

জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা-কর্মীরা সকাল থেকেই মধুর ক্যান্টিন ও ক্যাম্পাসের গুরুত্বপূর্ণ স্থানে অবস্থান নেন। তারা ক্যাম্পাসে অবরোধের বিরুদ্ধে মিছিল-সমাবেশ করেছেন। দুপুর ১২টার দিকে ছাত্রদল নেতা-কর্মীরা মধুর ক্যান্টিন থেকে মিছিল নিয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করেন। সমাবেশে ছাত্রদলের সভাপতি আজীজুল বারী হেলাল, সাধারণ সম্পাদক শফিউল বারী বাবু, সহসভাপতি সুলতান সালাউদ্দিন টুকু, মোস্তফা খান সফরী, সাংগঠনিক সম্পাদক আব্দুল কাদের ভূঁইয়া, জুয়েল, বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি হাসান মামুন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম ফিরোজ প্রমুখ বক্তব্য রাখেন।

সমাবেশে বক্তারা বলেন, দেশের মানুষকে অবরুদ্ধ করতে গিয়ে জনরোষে আওয়ামী লীগ আজ নিজেরাই অবরুদ্ধ হয়ে পড়েছে। গত নির্বাচনে জনগণের কাছ থেকে প্রত্যাখ্যাত হওয়ায় এবার তারা নির্বাচন বানচালের চেষ্টা করছে।

ছাত্রলীগের বিদ্রোহী গ্রুপের নেতা-কর্মীরা মিছিল নিয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ শেষে নীলক্ষেত মোড়ে সমাবেশ করেন। মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বিদ্রোহী কমিটির নেতারা বক্তব্য রাখেন। এ সময় তারা নীলক্ষেত মোড়ে যানবাহন চলাচলে বাধা দেন।